



নির্বাচন নিয়ে সংশয় ছিল, আমরা তা ভেঙে দিয়েছি': সেনাপ্রধান



সেনাপ্রধান জেনারেল ওয়াকার উজ্জ্বল জামান। ছবি : সংগৃহীত

দেশের সাম্প্রতিক নির্বাচনকে ইতিহাসের অন্যতম সেরা আয়োজন হিসেবে উল্লেখ করেছেন সেনাপ্রধান জেনারেল ওয়াকার উজ্জ্বল জামান। তিনি বলেন, অনেকে মনে করেছিলেন নির্বাচন সম্ভব হবে না, তবে সেই ধারণা ভুল প্রমাণ করে সফলভাবে ভোট আয়োজন করা হয়েছে।

মঙ্গলবার (৫ মে) রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে আয়োজিত জেলা প্রশাসক সম্মেলনে তিনি এসব কথা বলেন। সেখানে তিনি বেসামরিক প্রশাসন ও সশস্ত্র বাহিনীর সমন্বিত প্রচেষ্টার গুরুত্ব তুলে ধরেন।

সেনাপ্রধান জেলা প্রশাসকদের ধন্যবাদ জানিয়ে বলেন, নির্বাচনের মূল দায়িত্ব তাদের ওপরই ছিল এবং তারা দক্ষতার সঙ্গে তা সম্পন্ন করেছেন। সেনাবাহিনী সহায়ক ভূমিকা পালন করেছে বলেও তিনি উল্লেখ করেন।

তিনি আরও বলেন, এই অর্জন কোনো ছোট বিষয় নয়। একসময় অনিশ্চয়তা তৈরি হলেও শেষ পর্যন্ত দেশকে গণতান্ত্রিক প্রক্রিয়ার মধ্যেই রাখা সম্ভব হয়েছে।

জেলা প্রশাসকদের উদ্দেশে তিনি আশ্বাস দিয়ে বলেন, যেকোনো প্রয়োজন বা সংকটে সেনাবাহিনীর সহায়তা দ্রুত পাওয়া যাবে। দুর্ঘটনা বা জরুরি পরিস্থিতিতে সেনাবাহিনী সবসময় পাশে থাকবে।

এর আগে একই সম্মেলনে নৌবাহিনী ও বিমানবাহিনীর প্রধান এবং প্রধানমন্ত্রীর প্রতিরক্ষা উপদেষ্টাও বক্তব্য রাখেন।